দৈনিক
ইত্তেফাক

13 JAN 2015
পৃষ্ঠা – ৩ কলাম – ১

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন

■ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

'নবীনের জয় হোক প্রবীণের হাত ধরে' স্লোগানকে ধারণ করে সোমবার পালিত হয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দিবস। দিনব্যাপী আয়োজনের শুরু হয় সকাল দশটায় বিজনেস স্টাডিস চত্বরে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে। প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ফারজানা ইসলাম জাতীয় পতাকা এবং বিশেষ অতিথি প্রো-ভিসি অধ্যাপক মো. আবুল হোসেন বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন। পরে বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগ এবং ইন্সটিটিউটের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা কর্মচারী, জাবি স্কুল এন্ড কলেজের অংশগ্রহণে বর্ণাঢ্য শোভাযাত্রা ক্যাম্পাসের প্রধান সড়ক প্রদক্ষিণ করে সেলিম আল দীন মুক্ত মঞ্চে এসে শেষ হয়। পরে সেলিম আল দীন মুক্ত মঞ্চে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। দিনব্যাপী আয়োজনের বিশেষ আকর্ষণ ছিল নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের পরিবেশনায় পুতুল নাচ। সন্ধ্যায় অনুষ্ঠিত হয় বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‍্যাফেল ড্র। গতকাল ৪৩ বছর পেরিয়ে ৪৪ বছরে পদার্পণ করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়। ১৯৭০ সালের ২০ আগস্ট তৎকালীন সরকার এক অর্ডিন্যান্সের মাধ্যমে রাজধানী ঢাকার পূর্ব নাম জাহাঙ্গীরনগরের সঙ্গে মিলিয়ে জাহাঙ্গীরনগর মুসলিম বিশ্ববিদ্যালয় নামকরণ করে। ১৯৭১ সালের ১২ জানুয়ারি তদানীন্তন পূর্ব পাকিস্তানের গভর্নর ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রিয়াল অ্যাডমিরাল এস এম আহসান দেশের একমাত্র আবাসিক বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন করেন।